

আগামী বছর এইচএসসি পরীক্ষা এপ্রিলে : তপন কুমার

৩০ জুন, ২০২৪
১৩:৩৮

শেয়ার

অ +

অ -



বৃষ্টি ও বন্যার কথা বিবেচনা করে আগামী বছর এইচএসসি ও সমমানের পরীক্ষা এপ্রিলে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

রবিবার সাংবাদিকদের এ কথা জানান তিনি।

তপন কুমার সরকার বলেন, বৃষ্টি ও বন্যার কথা মাথায় রেখে আগামী বছর এইচএসসি ও সমমানের পরীক্ষা এপ্রিলে শুরু হবে। ফলাফলে প্রভাব ফেলবে না।

একসঙ্গে রেজাল্ট হবে।

বন্যার কারণে সিলেট বিভাগ ছাড়া রবিবার থেকে সারা দেশে ২০২৪ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। সকাল ১০টায় শুরু হওয়া এ পরীক্ষা চলবে দুপুর ১টা পর্যন্ত।

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বন্যার কারণে সিলেট শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ৮ জুলাই পর্যন্ত পর্যন্ত স্থগিত করা হয়েছে।

পরদিন ৯ জুলাই থেকে আগের রুটিন অনুযায়ী পরীক্ষা এ বোর্ডেও পরীক্ষা শুরু হবে।

